# ২৬ ডিসেম্বর ২০১৭ আরটিভি'র প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে বিশেষ

# ক্রোড়পত্র

১২ পৌষ ১৪২৪
২৬ ডিসেম্বর ২০১৭

১৩ বছরে আরটিভি



রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
বঙ্গভবন, ঢাকা।

১২ পৌষ ১৪২৪
২৬ ডিসেম্বর ২০১৭

## বাণী

বেসরকারি স্যাটেলাইট টেলিভিশন বেঙ্গল মিডিয়া কর্পোরেশন লিমিটেড (আরটিভি) এক যুগ পার করে ত্রয়োদশ বর্ষে পদার্পণ করেছে জেনে আমি আনন্দিত। এই শুভক্ষণে আমি প্রতিষ্ঠানটির পরিচালনা পর্ষদ সদস্য, কলাকুশলী, সংবাদকর্মীসহ সংশ্লিষ্ট সবাইকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন।

গণমাধ্যম হলো জাতির বিবেক। অবাধ তথ্য প্রবাহের এই যুগে এদেশের মানুষের তথ্য জানার অধিকার নিশ্চিত করতে গণমাধ্যমের ভূমিকা অপরিসীম। বর্তমান গণতান্ত্রিক সরকার ব্যবস্থায় গণতন্ত্রের বিকাশ, জনমত গঠন এবং সরকার ও জনগণের মধ্যে সেতুবন্ধন রচনায় গণমাধ্যম গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। এ বিষয়টি বিবেচনায় রেখে বর্তমান সরকার গণমাধ্যমের স্বাধীনতা নিশ্চিত করতে বদ্ধপরিকর। যার ফলস্বরূপ প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়া স্বাধীনভাবে সুস্থ প্রতিযোগিতার মাধ্যমে তাদের অনুষ্ঠানাদি প্রচার করে যাচ্ছে। আমি আশা করি গণমাধ্যমগুলো মহান মুক্তিযুদ্ধের চেতনা ও দেশপ্রেমে উদ্বুদ্ধ হয়ে তাদের কার্যক্রম পরিচালনা করবে।

বেসরকারি টেলিভিশন চ্যানেল আরটিভি তাদের বৈচিত্র্যপূর্ণ ও রুচিশীল অনুষ্ঠানমালা এবং বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশনের মধ্য দিয়ে বাঙালি সংস্কৃতি, ইতিহাস, ঐতিহ্য ও মহান মুক্তিযুদ্ধের চেতনাকে তুলে ধরছে। আমি আশা করি, এই ধারা অব্যাহত রেখে সৃজনশীল পরিবেশনার মধ্য দিয়ে আরটিভি বিশ্বের বাংলা ভাষাভাষী দর্শকদের মধ্যে একটি বিশেষ স্থান করে নেবে।

আমি ত্রয়োদশ বর্ষে পদার্পণ উপলক্ষে আরটিভি-র সার্বিক সাফল্য কামনা করি।

খোদা হাফেজ, বাংলাদেশ চিরজীবী হোক।

মোঃ আবদুল হামিদ



প্রধানমন্ত্রী
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

১২ পৌষ ১৪২৪
২৬ ডিসেম্বর ২০১৭

## বাণী

বেঙ্গল মিডিয়া কর্পোরেশন লিমিটেড (আরটিভি) ত্রয়োদশ বর্ষে পদার্পণ করতে যাচ্ছে জেনে আমি আনন্দিত। এ উপলক্ষে আমি আরটিভি'র পরিচালনা পর্ষদ, সাংবাদিক, কলাকুশলী ও কর্মকর্তা-কর্মচারিসহ সকলকে আন্তরিক শুভেচ্ছা জানাচ্ছি।

আওয়ামী লীগ সরকার সবসময়ই দেশে গণমাধ্যমের বিকাশে অগ্রণী ভূমিকা পালন করেছে। ১৯৯৬-২০০১ মেয়াদে আমরাই প্রথম দেশে বেসরকারি স্যাটেলাইট টেলিভিশন চালুর অনুমোদন দিই।

আমাদের সরকার রূপকল্প ২০২১ ও ২০৪১ বাস্তবায়নে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এ লক্ষ্য অর্জনে গণমাধ্যম গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। আমরা তথ্য অধিকার আইন প্রণয়ন ও তথ্য কমিশন প্রতিষ্ঠা করেছি। জাতীয় সম্প্রচার নীতিমালা ২০১৪ প্রণয়ন করা হয়েছে। বেসরকারিখাতে ৪৪টি টেলিভিশন, ২২টি এফএম রেডিও এবং ৩২টি কমিউনিটি রেডিও চ্যানেলের অনুমোদন দেওয়া হয়েছে।

আমরা সাংবাদিকদের কল্যাণে 'বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট আইন ২০১৪' প্রণয়ন করেছি। ৮ম ওয়েজ বোর্ডের সুপারিশের আলোকে সাংবাদিকদের বেতন-ভাতা বৃদ্ধির জন্য নতুন বেতন কাঠামো ঘোষণা করেছি। আমাদের এসকল পদক্ষেপের ফলে দেশের গণমাধ্যম এখন পূর্ণ স্বাধীনতা ভোগ করছে। তথ্যপ্রাপ্তির সকল সুযোগ সুবিধা জনগণের দোরগোড়ায় পৌঁছে গেছে।

তথ্য-প্রযুক্তির এই যুগে টেলিভিশনকে শুধু বিনোদনের মাধ্যম হিসেবে ভূমিকা রাখলে চলবে না। বস্তুনিষ্ঠ সংবাদ ও অনুষ্ঠান পরিবেশনের মাধ্যমে দেশের মানুষের উন্নত মনন গঠনে অবদান রাখতে হবে। সন্ত্রাস ও জঙ্গিবাদ মোকাবিলায় জনসচেতনতা সৃষ্টিতে গণমাধ্যম হিসেবে টেলিভিশন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে বলে আমি মনে করি।

আরটিভি বস্তুনিষ্ঠ সংবাদ ও রুচিশীল অনুষ্ঠান প্রচারের মাধ্যমে আবহমান বাঙালি সংস্কৃতি, ঐতিহ্য ও মহান মুক্তিযুদ্ধের চেতনাকে সমুন্নত রেখে সন্ত্রাস ও জঙ্গিবাদমুক্ত শান্তিপূর্ণ বাংলাদেশ বিনির্মাণে আরও কার্যকর ভূমিকা রাখবে- এ আমার প্রত্যাশা।

আমি আরটিভি- এর উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

শেখ হাসিনা



ড. শিরীন শারমিন চৌধুরী এমপি
স্পীকার
বাংলাদেশ জাতীয় সংসদ

## বাণী

আগামী ২৬ ডিসেম্বর ২০১৭ তারিখে দেশের জনপ্রিয় বেসরকারি স্যাটেলাইট টেলিভিশন চ্যানেল 'বেঙ্গল মিডিয়া কর্পোরেশন লিমিটেড' (আরটিভি) ত্রয়োদশ বর্ষে পদার্পণ করতে যাচ্ছে জেনে আমি আনন্দিত। এ উপলক্ষে প্রতিষ্ঠানটির পরিচালনা পর্ষদ, সংবাদকর্মী, কলাকুশলীসহ সংশ্লিষ্ট সকলকে অভিনন্দন জানাচ্ছি।

বিশ্বব্যাপী টেলিভিশন একটি জনপ্রিয় ও শক্তিশালী গণমাধ্যম। বাংলাদেশে বেশ কয়েকটি বেসরকারি টিভি চ্যানেল সুনাম ও দক্ষতার সাথে কার্যক্রম চালিয়ে যাচ্ছে। অন্যান্য চ্যানেলের সাথে সুস্থ প্রতিযোগিতার মধ্য দিয়ে আরটিভি বিশ্বব্যাপী বাঙালি দর্শকদের মধ্যে নিরপেক্ষ ও বস্তুনিষ্ঠ সংবাদ এবং রুচিশীল আধুনিক অনুষ্ঠান পরিবেশনার মাধ্যমে ইতিমধ্যে একটি বিশেষ স্থান করে নিয়েছে। আমি আশা করি উত্তরোত্তর সমৃদ্ধির এ ধারা তারা অব্যাহত রাখবে।

ত্রয়োদশ বর্ষপূর্তির শুভলগ্নে আরটিভি'র প্রতি রইল আমার শুভকামনা।

ড. শিরীন শারমিন চৌধুরী,এমপি



হাসানুল হক ইনু এমপি
মন্ত্রী
তথ্য মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## বাণী

সাফল্যের সঙ্গে এক যুগ পার করে ত্রয়োদশ বর্ষে পদার্পণ করতে যাচ্ছে বেঙ্গল মিডিয়া কর্পোরেশন লিমিটেড (আরটিভি)। বাংলা ভাষা-ভাষী দর্শকদের জন্য এটা অত্যন্ত আনন্দের সংবাদ। এজন্য প্রতিষ্ঠানটির সুযোগ্য পরিচালনা পর্ষদ, সংবাদকর্মী, কলাকুশলীসহ সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দকে আমি আন্তরিক অভিনন্দন জানাই।

প্রযুক্তির ক্রমবিকাশের সঙ্গে টেলিভিশন এখন মুহূর্তের মধ্যে সারা বিশ্বকে তুলে ধরছে। বাংলাদেশি স্যাটেলাইট টেলিভিশনগুলোও বাঙালি সংস্কৃতি, ইতিহাস, ঐতিহ্য ও মহান মুক্তিযুদ্ধের চেতনাকে বিশ্বের সামনে তুলে ধরতে অনন্য ভূমিকা রেখে চলেছে। আরটিভি এক্ষেত্রে অগ্রগণ্য। সংবাদ পরিবেশনের বস্তুনিষ্ঠতা এবং আকর্ষণীয় ও তথ্যবহুল অনুষ্ঠান সম্প্রচারও তাদের অন্যতম বৈশিষ্ট্য। আগামী দিনগুলোতেও এই ধারা অব্যাহত থাকবে–এমন প্রত্যাশা রইল।

এই শুভক্ষণে আমি আরটিভি'র সাফল্য কামনা করি।

২২-১২-২০১৭
হাসানুল হক ইনু এমপি



আসাদুজ্জামান নূর, এমপি
মন্ত্রী
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## বাণী

বেঙ্গল মিডিয়া কর্পোরেশন লিমিটেড (আরটিভি) এর ত্রয়োদশ বর্ষে পদার্পণ উপলক্ষে প্রতিষ্ঠানটির পরিচালনা পর্ষদ, সংবাদকর্মী, কলাকুশলীসহ সর্ব স্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দকে আমি আন্তরিক অভিনন্দন জানাই।

আমি আনন্দিত যে, আরটিভি বস্তুনিষ্ঠ ও নিরপেক্ষ সংবাদ পরিবেশন এবং বাঙালি সংস্কৃতি, ইতিহাস, ঐতিহ্য ও মহান মুক্তিযুদ্ধের চেতনাকে সমুন্নত রেখে চমৎকার সব অনুষ্ঠান দর্শকদের সামনে তুলে ধরার অক্লান্ত প্রয়াস চালিয়ে যাচ্ছে। তাঁদের এ প্রয়াস দীর্ঘস্থায়ী হোক এবং মসৃণ ও সুন্দর হোক আগামীর পথচলা।

আগামীতে আরটিভি আরো দৃষ্টিনন্দন ও হৃদয়গ্রাহী অনুষ্ঠান নির্মাণের মধ্য দিয়ে দর্শক হৃদয়ের গভীরে স্থান করে নিবে - এ কামনা করছি।

এক যুগ পূর্তি ও ত্রয়োদশ বর্ষে পদার্পণের ক্ষণে আরটিভিকে আমার শুভেচ্ছা রইল।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

আসাদুজ্জামান নূর,এমপি



মোরশেদ আলম এমপি
চেয়ারম্যান
বেঙ্গল মিডিয়া কর্পোরেশন লিঃ (আরটিভি)

## শুভেচ্ছা


বেঙ্গল মিডিয়া কর্পোরেশন লিমিটেড (আরটিভি) আজ ত্রয়োদশ বর্ষে পদার্পণ করল। এই শুভক্ষণে আরটিভি'র সম্মানিত দর্শকবৃন্দ, পরিচালনা পর্ষদ, সংবাদকর্মী, অনুষ্ঠান নির্মাতা, কলাকুশলী, কেবল অপারেটর, বিজ্ঞাপনদাতা, দেশ-বিদেশের শুভানুধ্যায়ীসহ সব স্তরের কর্মকর্তা-কর্মচারীকে জানাই আমার আন্তরিক অভিনন্দন ও কৃতজ্ঞতা।

মহান মুক্তিযুদ্ধের চেতনাকে ধারণ করে মানবিক মূল্যবোধসম্পন্ন একটি সমাজ বিনির্মাণে আরটিভি তার সূচনালগ্ন থেকে নিরলসভাবে কাজ করে চলেছে। আরটিভি তার প্রতিটি অনুষ্ঠান ও সংবাদ পরিবেশনায় দৃঢ়ভাবে ধারণ করেছে, বাঙালির হাজার বছরের সাংস্কৃতিক ঐতিহ্য ও ইতিহাসকে। আরটিভি'র প্রতিটি অনুষ্ঠানে যেমন রয়েছে প্রগতিশীল চিন্তার ছাপ ও আধুনিকতা, তেমনি সংবাদ পরিবেশনায় রয়েছে বস্তুনিষ্ঠতা।

পরিশেষে, সব দর্শক, শুভানুধ্যায়ী, বিজ্ঞাপনদাতা, লেখক, নির্দেশক, শিল্পী, কলাকুশলী, কেবল অপারেটরসহ সবাইকে জানাই ১৩তম বর্ষে পদার্পণের শুভেচ্ছা।


আলহাজ মোরশেদ আলম, এমপি

## আরটিভিকে অভিনন্দন




আরটিভি আমাদের মুক্তিযুদ্ধের চেতনার পক্ষের একটি চ্যানেল। মুক্তিযুদ্ধের চেতনায় তার সবকিছু পরিচালিত হয় বলে আমরা মুক্তিযোদ্ধারা আরটিভিকে সমর্থন করি এবং আরটিভির সাথে আছি, থাকতে চাই। তারা নাটকে, অনুষ্ঠানে, গানে, টকশোতে কখনো মুক্তিযুদ্ধের চেতনাবিরোধী কোনো কিছু প্রচার করে না। সেজন্য আরটিভিকে বিশেষভাবে ধন্যবাদ জানাই। সামনের দিনগুলোতেও আরটিভি মুক্তিযুদ্ধের চেতনার পক্ষে থাকবে এ আশাবাদ ব্যক্ত করছি।

**সৈয়দ হাসান ইমাম**
সাংস্কৃতিক ব্যক্তিত্ব



দেশের অন্যতম টিভি চ্যানেল আরটিভি এক যুগ অতিক্রম করে ১৩তম বর্ষে পদার্পণ করতে যাচ্ছে, সেজন্য আরটিভিকে আমার পক্ষ থেকে অভিনন্দন। গত ১২ বছরে আরটিভি তাদের অনুষ্ঠান বৈচিত্র্য এবং উন্নতমানের পরিবেশনার মধ্য দিয়ে সংবাদের বস্তুনিষ্ঠতা দিয়ে দর্শকদের মনে একটা আসন তৈরি করে নিতে পেরেছে। আমি এ কামনাই করবো যে, আগামী দিনে দর্শকদের চাহিদা অনুযায়ী তারা অনুষ্ঠান পরিকল্পনা করবে। এবং বিশেষ করে এদেশের সংস্কৃতি এবং এদেশের ঐতিহ্যের উপর বিশেষভাবে জোর দেবে। আরটিভির সাথে যুক্ত সবাইকে আমার শুভেচ্ছা।

**রামেন্দু মজুমদার**
সাংস্কৃতিক ব্যক্তিত্ব




আরটিভি সম্প্রচার চ্যানেল এক যুগ পূর্ণ করে ১৩ বছরে পদার্পণ করতে যাচ্ছে এটা আমার কাছে অত্যন্ত আনন্দের সংবাদ। কারণ আরটিভির সাথে আমি বিশেষভাবে জড়িত এবং আরটিভি আমার খুব পছন্দের একটি চ্যানেল। বিশেষ করে তারকালাপ অনুষ্ঠানটি খুবই সুন্দর হয়, তারাও আমাকে খুব ভালোবাসে। আরটিভির স্টার অ্যাওয়ার্ডে নাটকের বিচারক হিসেবে থেকে আমি দেখেছি আরটিভি যে নাটকগুলো প্রচার করে তার মান খুবই উন্নত। বিশেষ করে মুক্তিযুদ্ধের নাটকগুলো তারা খুবই ভালো নির্বাচন করে থাকে। সিরিয়ালগুলোও বেশ জনপ্রিয়। আরটিভির জাতীয় অনুষ্ঠানগুলোও একটা মিলনমেলা তৈরি করে। আমাদের দেশের মূল্যবোধ এবং জাতির জনক বঙ্গবন্ধুর যে স্বপ্ন, আমাদের মুক্তিযুদ্ধের যে মূল্যবোধ এগুলোকে যথাযথভাবে মূল্যায়ন করে। আরটিভির সম্পর্ক আমাদের শেকড়ের সাথে এবং আমাদের দেশের শেকড়ের সাথে। সামনের দিনগুলোতে আরটিভি বর্তমানের চেয়ে ভালো করবে সে প্রত্যাশাই রাখছি। ১৩তম বর্ষে পদার্পণে আরটিভিকে বিশেষভাবে অভিনন্দিত করছি।

**মঞ্চসারথি আতাউর রহমান**
অভিনেতা, নাট্য নির্দেশক ও লেখক



এক যুগ পূর্ণ করে ১৩তম বর্ষে পদার্পণ করায় আরটিভিকে শুভেচ্ছা। আরটিভি'র অনুষ্ঠান খুব ভালো হয়। তাদের গানের অনুষ্ঠানগুলো আমি দেখি। শুধু গানের অনুষ্ঠান নয়, অন্যান্য অনুষ্ঠানগুলো মানগত দিক থেকে বেশ ভালো। নতুন নতুন শিল্পী তৈরিতেও তারা বেশ ভালো ভূমিকা রাখছে। নতুন শিল্পীরা আরটিভিতে গান করে তারা সব জায়গায় সুযোগ পাচ্ছে। সামনের দিনগুলোতেও আরটিভি তাদের সে সাফল্যের ধারাবাহিকতা বজায় রাখবে। আমি আবারো আরটিভির উত্তরোত্তর সাফল্য কামনা করছি।

**ফেরদৌসী রহমান**
সংগীত ব্যক্তিত্ব



এক যুগ পূর্ণ করে ১৩তম বর্ষে পদার্পণ করায় আরটিভিকে আমার পক্ষ থেকে শুভেচ্ছা ও অভিনন্দন। আরটিভির অনুষ্ঠান, টকশো, সংবাদে নিত্যনতুন পরিবর্তন আনায় আগ্রহী, সেটা আমরা লক্ষ করেছি। কিন্তু আমাদের এখন মুক্ত আকাশের সময়ে বিশ্বের সাথে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য অনেক সৃজনশীল কৌশল বের করতে হবে। আমার বিশ্বাস আরটিভি সেটা করতে পারবে এবং সামনের দিকে সেভাবে এগিয়ে যাবে। আবারো শুভেচ্ছা এবং অভিনন্দন আরটিভিকে।

**মামুনুর রশীদ**
নাট্য ব্যক্তিত্ব



আরটিভিকে জন্মদিনের শুভেচ্ছা। স্বাগতম জানাই আমাদের রাজনৈতিক, সামাজিক, অর্থনৈতিক যে অনুষ্ঠানগুলো তারা প্রচার করে আসছে তার জন্য। আসলে সচেতনভাবে একটি সামগ্রিক লক্ষের যাত্রায় দেশবাসীকে সচেতন করার যে কাজ আরটিভি করছে তাকে অভিনন্দন জানাই। 'আঁধার কাটুক হাজার আলোয়'-এর মতো অনুষ্ঠানগুলো দিয়ে গণমানুষের শোষিত-বঞ্চিত জীবনের বাইরে যে স্বপ্নের জায়গা এবং মুক্তির জায়গা বোধের মধ্যে তৈরি করে তা আমাদের কাছে অত্যন্ত গুরুত্বপূর্ণ। সমাজে যে নারী এবং শিশু নির্যাতন হয় সে সংবাদ প্রচার করে নিপীড়নের বিরুদ্ধে আরটিভির যে অবস্থান সেটাও একটি বড় বিষয়। সব মিলিয়ে আমি মনে করি– আমাদের এগিয়ে যাওয়ার পথে আরটিভিকে সাথে পাবো, এ প্রত্যাশায় আবারো জন্মদিনের শুভেচ্ছা এবং অভিনন্দন জানাই।

**সেলিনা হোসেন**
কথাসাহিত্যিক



সৈয়দ আশিক রহমান
প্রধান নির্বাহী কর্মকর্তা
বেঙ্গল মিডিয়া কর্পোরেশন লিঃ (আরটিভি)

## শুভেচ্ছা

এক যুগ পেরিয়ে বেঙ্গল মিডিয়া কর্পোরেশন লিমিটেড (আরটিভি) আজ ত্রয়োদশ বর্ষে পদার্পণ করল। এই পথচলায় আমরা কৃতজ্ঞচিত্তে স্মরণ করছি, সম্মানিত দর্শক, সংবাদকর্মী, অনুষ্ঠান নির্মাতা, শিল্পী, কলাকুশলী, কেবল অপারেটর, বিজ্ঞাপনদাতা, দেশ-বিদেশের শুভানুধ্যায়ীসহ সব স্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দকে, যাদের অব্যাহত শুভকামনা ও কর্মতৎপরতা আমাদের এই দীর্ঘ পথচলায় সাহস ও প্রেরণা জুগিয়েছে।

টেলিভিশন আধুনিক সভ্যতার অন্যতম প্রচার মাধ্যম। তথ্য সরবরাহ, আনন্দ-বিনোদন ও গণযোগাযোগের ক্ষেত্রে টেলিভিশনের অবদান অনস্বীকার্য। বর্তমান সময়ে আমরা টেলিভিশন দেখি না বরং টেলিভিশনের সঙ্গে বসবাস করি। টেলিভিশন শুধু বিনোদনের মাধ্যম নয়, তার চেয়ে আরও বড় কিছু। আজ টেলিভিশন পথ চলে গণমানুষের সঙ্গে। একটি কল্যাণকামী রাষ্ট্র, সুন্দর সমাজ বিনির্মাণে বেসরকারি স্যাটেলাইট টেলিভিশন ব্যাপক ভূমিকা রাখছে। জনমত গঠন ও জনসচেতনতা বৃদ্ধির নির্ভরযোগ্য অবলম্বন টেলিভিশন। এ কথাগুলোর বাস্তবায়নই আরটিভি'র অঙ্গীকার। এই অঙ্গীকার বাস্তবায়নে আমরা সবসময় দর্শকদের পরামর্শ, অনুপ্রেরণা ও সাহস পেয়েছি অনিঃশেষ।

আমরা আরটিভি'র পর্দায় প্রতিদিন নতুন নতুন ভাবনা নিয়ে আসছি। আমরা আরটিভিকে গড়ে তুলেছি সব শ্রেণি-পেশা ও সব বয়সী বাংলা ভাষা-ভাষী দর্শকদের উপযোগী করে। এই পথচলা সব সময় মসৃণ ছিলো না। অনেক সংগ্রামের মধ্য দিয়ে যেতে হয়েছে আমাদেরকে। আমাদের এই পথচলায় সব সময় সঙ্গে পেয়েছি আপনাদেরকে – সেজন্য আমরা কৃতজ্ঞ।

আরটিভি'র ত্রয়োদশ বর্ষে পদার্পণের এই শুভক্ষণে সবাইকে শুভেচ্ছা।

সৈয়দ আশিক রহমান



হুমায়ুন কবির বাবলু
ব্যবস্থাপনা পরিচালক
বেঙ্গল মিডিয়া কর্পোরেশন লিঃ (আরটিভি)

## শুভেচ্ছা

বেঙ্গল মিডিয়া কর্পোরেশন লিমিটেড (আরটিভি) আজ ত্রয়োদশ বর্ষে পদার্পণ করল। এই সফল পথচলায় আমরা সঙ্গে পেয়েছি সম্মানিত দর্শকসহ, অনুষ্ঠান নির্মাতা, কলাকুশলী, কেবল অপারেটর, বিজ্ঞাপনদাতা, আরটিভি'র কর্মকর্তা-কর্মচারী, সংবাদকর্মী ও দেশ-বিদেশের শুভানুধ্যায়ীবৃন্দকে। আরটিভি'র পক্ষ থেকে তাঁদেরকে জানাই আন্তরিক অভিনন্দন।

বাংলাদেশের স্যাটেলাইট টেলিভিশন আজ নতুন নতুন চ্যালেঞ্জের সম্মুখীন। আকাশ সংস্কৃতির অসম প্রতিযোগিতা, বিজ্ঞাপন দেশের বাইরে চলে যাওয়াসহ নানাবিধ সমস্যায় জর্জরিত সম্ভাবনাময় শিল্পটি। আমরা মনে করি, সরকারি নীতিমালার কঠোর প্রয়োগ, এই সমস্যা উত্তরণে সহায়ক ভূমিকা পালন করতে পারে।

আরটিভি দৃঢ়ভাবে বিশ্বাস করে, গণমাধ্যমের প্রধান পৃষ্ঠপোষক তার অগণিত দর্শক। তাই, আমরা নিরন্তর চেষ্টা করি আমাদের অনুষ্ঠান ও সংবাদ পরিবেশনার মাধ্যমে দর্শকদের প্রত্যাশাকে পূরণ করতে।

আমাদের সংগ্রামবহুল পথচলায় সর্বস্তরের শুভাকাঙ্ক্ষী আমাদের অনুপ্রেরণার উৎস। আরটিভি'র ১৩তম বর্ষে পদার্পণে তাঁদের প্রতি আমাদের অনিঃশেষ কৃতজ্ঞতা।

হুমায়ুন কবির বাবলু



মোঃ জসিম উদ্দিন
ভাইস চেয়ারম্যান
বেঙ্গল মিডিয়া কর্পোরেশন লিঃ (আরটিভি)

## শুভেচ্ছা

আরটিভি 'আজ এবং আগামীর' স্লোগানকে ধারণ করে আজ ত্রয়োদশ বর্ষে পদার্পণ করল। বেঙ্গল মিডিয়া কর্পোরেশন লিমিটেড (আরটিভি)-র এই শুভক্ষণে সম্মানিত দর্শকবৃন্দ, পরিচালনা পর্ষদ, সংবাদকর্মী, অনুষ্ঠান নির্মাতা, কলাকুশলী, কেবল অপারেটর, বিজ্ঞাপনদাতা, দেশ-বিদেশের শুভানুধ্যায়ীসহ সব স্তরের কর্মকর্তা-কর্মচারীকে আমার আন্তরিক শুভেচ্ছা জানাই।

গণমাধ্যম হিসেবে আরটিভি নাগরিক জীবনের প্রয়োজনীয় সব চাহিদা ও অধিকার প্রতিষ্ঠায় নিরলস কাজ করে চলেছে। এর স্বীকৃতিও পেয়েছে দর্শকসহ বিভিন্ন প্রতিষ্ঠানের পক্ষ থেকে, যা আমাদের জন্য অনুপ্রেরণাদায়ী। আরটিভি মনে করে, সম্মানিত দর্শকবৃন্দের আনুকূল্য ও পরামর্শ আমাদের চলার পাথেয়। আজকের এই শুভক্ষণে আমরা আরটিভি'র দর্শকবৃন্দের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা জানাই এবং প্রত্যাশা করি অকুণ্ঠ সমর্থনের।

১৩তম বর্ষে আমাদের অঙ্গীকার, মুক্তিযুদ্ধের চেতনা ও হাজার বছরের বাঙালি সাংস্কৃতিক ঐতিহ্যকে কেন্দ্রে রেখে আমরা আরটিভিকে গড়ে তুলবো সব শ্রেণির দর্শকের প্রিয় চ্যানেল হিসেবে।

মোঃ জসিম উদ্দিন